# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৪১

১/ বিবিধ

আরবী

كان يستاك عرضا، ويشرب مصا، ويقول: هو أهنأ وأمرأ وأبرأ

ضعيف

رواه ابن حبان في " المجروحين " (1 / 199) والطبراني في " المعجم الكبير " (1 / 123 / 1 ـ 2) وابن شاهين في " الخامس من الأفراد " (31 ـ 32) والبيهقي في " سننه " (1 / 40) وابن عساكر (4 / 63 / 2) عن اليمان بن عدي حدثنا ثبيت بن كثير الضبي عن يحيى بن سعيد الأنصاري عن سعيد بن المسيب عن بهز مرفوعا، وقال ابن شاهين: " حديث غريب الإسناد، حسن المتن، وبهز لا أعرف له نسبا ولا أعرف له غير هذا الحديث

قلت: وعلته ثبيت هذا وهو ضعيف، كما قال الهيثمي (2 / 100) بعدما عزاه للطبراني وحده، وتناقض فيه ابن حبان، فذكره في " الثقات " وذكره في " الضعفاء " أيضا وقال: " منكر الحديث على قلته، لا يجوز الاحتجاج به ". وقال ابن عدي: " غير معروف ". وقال الحافظ في " التلخيص " (ص 23) : " وهو ضعيف، واليمان بن عدي أضعف منه

قلت: وقد تابعه ضعيف مثله إلا أنه خالفه في إسناده، وهو علي بن ربيعة القرشي المدني فقال: عن يحيى بن سعيد عن سعيد بن المسيب عن ربيعة بن أكثم به، فجعل ربيعة هذا بدل " بهز ". أخرجه أبو بكر الشافعي في " الفوائد " (10 / 110 / 2) والعقيلي في " الضعفاء " (295) والبيهقي، وقال العقيلي: " ولا يصح، علي بن ربيعة

القرشي مجهول بالنقل، حديثه غير محفوظ، ولا يتابعه إلا من هو دونه ". قلت: يشير إلى ثبيت بن كثير، والقرشي هذا قال ابن أبي حاتم (3 / 1 / 185) عن أبيه: هو مثل يزيد بن عياض في الضعف
ويزيد هذا ضعيف الحديث، منكر الحديث عند أبي حاتم، وغيره يكذبه، وقال الحافظ في " التلخيص " (ص 23) بعدما عزاه للعقيلي والبيهقي: " إسناده ضعيف جدا " ثم ذكر الاختلاف الذي ذكرته، ثم قال ابن عبد البر: " ربيعة قتل بخيبر فلم يدركه سعيد، وقال في " التمهيد ": لا يصحان من جهة الإسناد ". ولم يحرر المناوي القول في هذين الطريقتين فظن أن أحدهما يقوي الآخر، فصرح أن الحديث صار بذلك حسنا
وفي الباب حديث آخر، وهو: (الاتي)

বাংলা

৯৪১। তিনি পার্শ্বভাবে মিসওয়াক করতেন, চুসে (পানি) পান করতেন এবং বলতেনঃ এরূপই বেশী আরামদায়ক, তৃপ্তিদায়ক ও বেশী রোগ নিরাময়কারী।

হাদীছটি দুর্বল।

এটি ইবনু হিব্বান "আল-মাজরূহীন" (১/১৯৯) গ্রন্থে, তাবারানী “আল-মুজামুল কাবীর” (১/১২৩/১-২) গ্রন্থে, ইবনু শাহীন "আল-খামেসু মিনাল আফরাদ" (৩১-৩২) গ্রন্থে, বাইহাকী তার “সুনান” (১/৪০) গ্রন্থে এবং ইবনু আসাকির (৪/৬৩/২) আল-ইয়ামান ইবনু আদী হতে তিনি ছুবায়েত ইবনু কাছীর আয-দব্বী হতে তিনি ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আনসারী হতে তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যাব হতে তিনি বাহয হতে ... বর্ণনা করেছেন।

ইবনু শাহীন বলেনঃ সনদটি গারীব, মতনটি (ভাষাটি) হাসান। বাহযের বংশ পরিচয় জানি না, এ হাদীছটি ছাড়া তার অন্য কোন হাদীছও চিনি না।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটির সমস্যা হচ্ছে এই ছুবায়েত, তিনি দুর্বল। যেমনটি হায়ছামী (২/১০০) শুধুমাত্র তাবরানীর উদ্ধৃতিতে উল্লেখ করার পর বলেছেন।

ইবনু হিব্বান দ্বন্দ্বে ভুগেছেন। তিনি তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করেছেন আবার দুর্বলদেরও অন্তর্ভুক্ত করেছেন। তিনি আরো বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ...। তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। ইবনু আদী বলেনঃ তিনি পরিচিত নন। হাফিয ইবনু হাজার "আত-তালখীস" (পৃঃ ২৩) গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল। আর আল-ইয়ামান ইবনু আদী তার চেয়েও বেশী দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ তার ন্যায় দুর্বল বর্ণনাকারী তার মুতাবায়াত করেছেন। তবে তিনি সনদে তার বিরোধিতা করেছেন। তিনি হচ্ছেন আলী ইবনু রাবী'আহ আল-কুরাশী। এটি আবু বাকর আশ-শাফেঈ "আল-ফাওয়ায়েদ" (১০/১১০/২) গ্রন্থে, উকায়লী "আয-যোয়াফা" (পৃঃ ২৯৫) গ্রন্থে এবং বাইহাকী বর্ণনা করেছেন।

উকায়লী বলেনঃ এটি সহীহ নয়। আলী ইবনু রাবী'আহ আল-কুরাশী বর্ণনার ক্ষেত্রে মাজহুল। তার হাদীছ নিরাপদ নয়। তার চেয়ে দুর্বল ব্যক্তি ছাড়া তার মুতাবা'য়াত করেননি।

আমি (আলবানী) বলছিঃ তিনি ছুবায়েত ইবনু কাছীরের দিকে ইঙ্গিত করছেন। ইবনু আবী হাতিম (৩/১/১৮৫) এই কুরাশী সম্পর্কে তার পিতার উদ্ধৃতিতে বলেনঃ তিনি দুর্বলতার ক্ষেত্রে ইয়াযীদ ইবনু আয়াযের ন্যায়।

হাদীছের ক্ষেত্রে আবু হাতিমের নিকট এই ইয়াযীদ দুর্বল, মুনকারুল হাদীছ। অন্য বিদ্বানগণ তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন।

হাফিয ইবনু হাজার "আত-তালখীস" (পৃঃ ২৩) গ্রন্থে হাদীছটি উকায়লী ও বাইহাকীর উদ্ধৃতিতে উল্লেখ করে বলেছেনঃ সনদটি খুবই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71820

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন